

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
www.dss.kasba.brahmanbaria.gov.bd

স্মারক নম্বর- ৪১.০১.১২৬৩.০০০.১৬.০০৬.২২.০১

তারিখঃ-০৪/০১/২০২৪খ্রিঃ।

বিষয়: ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রতিবন্ধী ভাতার অনলাইনে আবেদনের ভিত্তিতে সুপারিশসহ উপকারভোগীদের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রতিবন্ধী ভাতার জন্য আগ্রহী উপকারভোগীদের অনলাইনে আবেদনের ভিত্তিতে বরাদ্দ পাওয়া যায় (বরাদ্দ কপি সংযুক্ত)। প্রতিবন্ধী ভাতা বাস্তবায়ন নীতিমালা ২০১৩ অনুযায়ী, অনলাইনে আবেদনকারীদের (তালিকা সংযুক্ত) মধ্যে যোগ্য উপকারভোগীদের তালিকা ইউনিয়ন প্রতিবন্ধী ভাতা কমিটি এর সুপারিশসহ নিম্ন স্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

বিশেষ দৃষ্টব্যঃ-

- ১। সুপারিশকৃত তালিকার সহিত ভাতাভোগীর অনলাইন আবেদনপত্র, প্রতিবন্ধী পরিচয়পত্রের ফটোকপি, ০২ কপি ছবিসহ জমা দিতে হবে।
- ২। ভাতাভোগীর নিজ নামে/মাতা-পিতা এর নামে রেজিস্ট্রেশনকৃত মোবাইল নম্বরে মোবাইল ব্যাংকিং নগদ হিসাব খুলে (ইতিপূর্বে কোনো ভাতার জন্য ব্যবহৃত হয়নি) নির্ভুল মোবাইল নম্বর জমা দিতে হবে।
- ৩। ইতোপূর্বে যেসকল মোবাইল নম্বরে নগদ হিসাব খোলা হয়েছে, তার গোপন পিন নম্বর পরিবর্তন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।
- ৪। প্রতারক কর্তৃক (সমাজসেবা অফিস বা ভিন্ন কোনো পরিচয়ে) মোবাইলে কল দিয়ে গোপন পিন নম্বর/ওটিপি এর তথ্য চাওয়া হলে তা শেয়ার না করতে ভাতাভোগীদের স্বস্থ ওয়ার্ডের মেম্বারদের মাধ্যমে সচেতন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।



মোহাম্মদ আলমগীর মিয়া
উপজেলা সমাজসেবা অফিসার
মোবাইল- ০১৭০৮৪১৪৭৫৬
টেলিফোন- ০৮৫২৪৭৩০৯৬
ইমেইল-usso.kashba@dss.gov.bd

চেয়ারম্যান
ইউনিয়ন পরিষদ (সকল)
কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নম্বর- ৪১.০১.১২৬৩.০০০.১৬.০০৬.২২.০১

তারিখঃ-০৪/০১/২০২৪খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে/ জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
৩. উপজেলা নির্বাহী অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
৪. জনাব.....
৫. অফিস কপি।